

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫২৯

করবুক, ১০, জানুয়ারি, ২০২৪

**করবুকে পথ নাটক সপ্তাহ উদযাপন**

পথ নাটক সপ্তাহ উদযাপন উপলক্ষে করবুক মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে  
গত ৫, ৬ ও ৭ জানুয়ারি মহকুমার বিভিন্ন স্থানে পথ নাটক অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে শিলাছড়ি রাজের  
ঘোড়াকাঙ্গা, শুকনাছড়ি, শিলাছড়ি ও আইলমারা বাজারে এবং করবুক রাজের পতিছড়ি, জলায়া, করবুক,  
বৈরাগী দোকান ও যতনবাড়ি এলাকায় স্বাস্থ্য বিধি মেনে চলা ও সংক্রমন জনিত রোগ থেকে নিজেকে  
মুক্ত রাখার বিভিন্ন উপায়গুলি নাটকের মাধ্যমে জনগণকে সচেতন করা হয়। উদয়পুরের লিটল ড্রামা  
গ্রুপ পথ নাটকগুলো মঞ্চস্থ করে।

\*\*\*\*\*